নিপোর্টের হোস্টেলে অবস্থানের নিয়মাবলী

১. হোস্টেলে অবস্থানের অনুমতি প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের আগমন এবং প্রস্থানের তারিখ ও সময় যথাযথভাবে রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে।

২. হোস্টেলে অবস্থানের জন্য নির্ধারিত সিট ভাড়া প্রদান করতে হবে। হোস্টেলের নির্ধারিত ভাড়া প্রদান পূর্বক রেজিষ্টারে নাম লিপিবদ্ধ এবং স্বাক্ষর পূর্বক রশিদ গ্রহণ করতে হবে।

৩. বিশেষ অনুমতি ছাড়া প্রশিক্ষণ শুরুর পূর্ব রাত্রি এবং সমাপ্তির পরের রাত্রি ব্যতিত হোস্টেলে অবস্থান করা যাবে না।

৪. কক্ষের জন্য নির্ধারিত মালামাল যৌথভাবে বুঝে নিতে হবে এবং হোস্টেল ত্যাগের পূর্বে কেয়ার টেকারকে যথাযথভাবে বুঝিয়ে দিতে হবে।

৫. ভেঁজা কাপড় কোনক্রমে দরজা, জানালা, খাটের ষ্ট্যান্ডে বা আলনায় শুকানো যাবে না।

৬. মালামাল নিজ দায়িত্বে গুছিয়ে রাখতে হবে।

৭. হোষ্টেলে প্রয়োজনের অতিরিক্ত জিনিসপত্র ও মূল্যবান গহনাদি রাখা যাবে না।

৮. কমোড/প্যান ব্যবহারের পর পরবর্তী জনের ব্যবহারের সুবিধার্থে নিজ দায়িত্বে পরিস্কার রাখতে হবে।

৯. কক্ষ ত্যাগ করার পূর্বে বৈদ্যুতিক বাতি, ফ্যান ও পানির কল বন্ধ করতে হবে।

১০. চিত্ত-বিনোদনের জন্য বিদ্যমান সুবিধা কেবল প্রশিক্ষণ পরবর্তী সময় ব্যবহার করা যাবে।

১১. কক্ষে নাস্তা বা খাবার কোনক্রমে আনা যাবে না। কক্ষে বা ডাইনিং কক্ষে কোন হিটার ব্যবহার করা যাবে না।

১২. কক্ষে ধুমপান করা যাবে না।

১৩. নির্ধারিত কক্ষে বিশেষ অনুমতি ছাড়া অতিথি/শিশু নিয়ে অবস্থান করা যাবে না।

১৪. সন্ধার সাথে সাথে হোষ্টেলের গেইট বন্ধ করা হবে। রাত্রি ৮:০০ টা পর্যন্ত কর্তব্যরত দারোয়ানকে পরিচয় দিয়ে হেষ্টেলে প্রবেশ করা যাবে। রাত ৮:০০ টার পরে কোনক্রমে হোষ্টেলের গেইট খোলা যাবে না।

১৫. হোষ্টেলে অবস্থানের সময় কোন অসুবিধা দেখা দিলে অথবা কর্তব্যরত কোন কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে তা তাৎক্ষনিকভাবে কেয়ার টেকারকে অবহিত করতে হবে।

১৬. প্রশিক্ষণার্থীগণ অসুস্থ হয়ে পড়লে কেয়ার টেকারকে অবহিত করতে হবে।

১৭. কর্তৃপক্ষের বিনা অনুমতিতে হোস্টেলের বাইরে অবস্থান করা যাবে না।

১৮. হোস্টেলে সকল প্রকার রাজনৈতিক আলাপ আলোচনা সম্পূর্ণ নিষিদ্ধ।

১৯. রুমমেট বা অন্যান্য প্রশিক্ষণার্থীর সংগে ঝগড়া বিবাদ ও অশোভন আচরণ করে হোস্টেলের পরিবেশ নষ্ট করা যাবে না।

২০. অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারির সংগে সুসম্পর্ক বজায় রাখতে হবে।

২১. প্রশিক্ষণার্থীগণ ছাড়াও নিম্মোক্ত ব্যক্তিবর্গ নির্ধারিত সিট ভাড়া প্রদান সাপেক্ষে হোস্টেলে অবস্থান করতে পারবেন :

(ক) নিপোর্টের অধীন পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট (FWVTI) ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের (RTC) কর্মকর্তা-কর্মচারিবৃন্দ;

(খ) বিশেষ কোন প্রয়োজনে ঐ সকল কর্মকর্তা-কর্মচারিদের পোষ্যগণ; এবং

(গ) পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তরসহ সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিবৃন্দ অত্র প্রতিষ্ঠানে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালায় বা কোন অফিসিয়াল কাজে ঢাকায় এলে এবং তাদের কোন আবাসিক সুবিধা না থাকলে (যথাযথ প্রমাণ ও সিট খালি থাকা সাপেক্ষে)।

২৪/০৩/২০১৯

অডিটরিয়াম, কনফারেন্স রুম, শ্রেণিকক্ষ ও ডাইনিং ভাড়া প্রদান, ব্যবহার এবং রক্ষণাবেক্ষণ নীতিমালা

নিপোর্ট এবং এর অধীন পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট (FWVTI) ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের (RTC) অডিটরিয়াম, কনফারেন্স রুম ও শ্রেণীকক্ষ খালি থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে ভাড়া ও ব্যবহারের অনুমতি দেয়া যাবে;

১. বর্ণিত স্থাপনাসমূহ/ফ্যাসিলিটিসমূহ ব্যবহারের অনুমতি চেয়ে প্রতিষ্ঠান প্রধান বরাবর আবেদন করতে হবে;

২. যে প্রতিষ্ঠান বা সংগঠন স্থাপনাসমূহ ব্যবহার করতে চায় সে প্রতিষ্ঠান বা সংগঠনের উপযুক্ত/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আবেদন করতে হবে;

৩. কি উদ্দেশ্যে স্থাপনাসমূহ ব্যবহৃত হবে তা সুস্পষ্টভাবে আবেদনে উল্লেখ করতে হবে, স্থাপনা/ফ্যাসিলিটিসমূহ ব্যবহারের সময়কাল উল্লেখ করতে হবে;

৪. প্রতিটি স্থাপনা ব্যবহারের জন্যে নির্ধারিত ভাড়া অগ্রীম প্রদান (নগদ) করতে হবে এবং ভাড়া প্রদান পূর্বক রশিদ গ্রহণ করতে হবে;

৫. প্রশিক্ষণ বা দপ্তরিক কোন সভা, সেমিনার/কর্মশালা আয়োজনের জন্যে স্থাপনাসমূহ ব্যবহার করা যাবে;

৬. রাজনৈতিক সংগঠনকে ব্যবহারের জন্যে অনুমতি দেয়া যাবে না এবং রাজনৈতিক কোন সভা-সমাবেশ করতে দেয়া যাবে না;

৭. কেবলমাত্র রেজিষ্টার্ড কোন এনজিও-কে ভাড়ার বিনিময়ে স্থাপনাসমূহ ব্যবহারের অনুমতি দেয়া যাবে;

৮. ব্যবহারকালে স্থাপনাসমূহের বা আসবাবপত্রের কোন প্রকার ক্ষতি হলে ব্যবহারকারী প্রতিষ্ঠান/সংগঠন কর্তৃক ক্ষতিপূরণ প্রদান অথবা মেরামত করিয়ে দিতে হবে;

৯. স্থাপনাসমূহ ভাড়ার মাধ্যমে ব্যবহারের অনুমতি দেয়ার ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানসমূহকে অগ্রাধিকার দেয়া হবে;

১০. ব্যক্তিগত, ধর্মীয় বা সামাজিক কোন অনুষ্ঠান (যেমন- বিবাহ, গায়ে হলুদ, পুরস্কার বিতরণ ইত্যাদি অনুষ্ঠান) আয়োজন করার জন্যে স্থাপনাসমুহ ব্যবহারের অনুমতি দেয়া যাবে না;

১১. মন্ত্রণালয়, নিপোর্ট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তরসহ সংশ্লিস্ট অংশীজনদের কর্মকর্তা-কর্মচারীদের বিভিন্ন অরাজনৈতিক সংগঠনসমূহকে সভা-সমাবেশ করার অনুমতি দেয়া যাবে;

১২. শ্রেণীকক্ষ শুধুমাত্র প্রশিক্ষণের জন্যে ব্যবহারের অনুমতি দেয়া হবে;

১৩. স্থাপনাসমূহের রক্ষণাবেক্ষণ তথা মেরামত, সংস্কার ও সংরক্ষণের জন্যে প্রতিষ্ঠানভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা- কর্মচারী নির্ধারণ করে দিতে হবে;

১৪. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী স্থাপনাসমূহের তদারকী করবেন এবং রক্ষণাবেক্ষণের জন্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন ;

১৫. স্থাপনা/ফ্যাসিলিটিসমূহ ব্যবহারের সময় কোনরূপ স্থায়ী পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না; এবং

১৬. স্থাপনা/ফ্যাসিলিটি ব্যবহারের পর পরিস্কার পরিচ্ছন্ন অবস্থায় রক্ষণাবেক্ষণকারীর নিকট বুঝে দিতে হবে।

২৪/০৩/২০১৭
আব্দুল হামিদ মোড়ল
উপপরিচালক (প্রশিক্ষণ)
নিপোর্ট
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়